# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 05 July, 2025

গাইবান্ধার গোবিন্দগঞ্জে বিশেষ অভিযান চালিয়ে বিপুল পরিমাণে দেশীয় অস্ত্র, ইয়াবা, মোবাইল ফোন, ল্যাপটপ ও একটি নকল পিস্তলসহ চারজনকে আটক করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

বৃহস্পতিবার (৩ জুলাই) দিবাগত রাতে গোবিন্দগঞ্জ পৌর এলাকার বুজরুক বোয়ালিয়া হীরকপাড়া এলাকার আজাদ মণ্ডলের বাসা ও ব্যবসায়ীক সমবায় সমিতির অফিসে এই অভিযান চালানো হয়।

সংবাদের ভিত্তিতে গাইবান্ধা সেনা ক্যাম্পের মেজর ইনজামামুল আলমের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

আটকরা হলেন, আজাদ মণ্ডল (৫২), আসাদ মিয়া (৬২) তার ছেলে মেহেদি হাসান (২২) এবং একই গ্রামের মোশাররফ হোসেন (২৩)। আটকদের বিরুদ্ধে ইতিপূর্বেও একাধিক অপরাধে জড়িত থাকার অভিযোগ রয়েছে।

অভিযানে উদ্ধার করা হয় বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র, ৩৭ পিস ইয়াবা ট্যাবলেট, কয়েকটি মোবাইল ফোন, ল্যাপটপ ও একটি নকল পিস্তল।

আটকদের বিরুদ্ধে গোবিন্দগঞ্জ থানায় একটি মামলা হয়েছে বলে জানিয়েছেন ওসি বুলবুল ইসলাম।দুপুরের মধ্যে তাদেরকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে।

অভিযান আটক গোবিন্দগঞ্জ গাইবান্ধা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:32

URL: https://timestodaybd.com/public/across-the-country/7758074231